36

দৈনিক বাংলা

তারিখ ...17 JAN 1996 ... ...
পৃষ্ঠা 6 কলাম ... ৭ .....

# প্রাথমিক বিদ্যালয়ের স্নাতক ও মাস্টার্স ডিগ্রীধারী শিক্ষকদের আবেদন

আমি ১৫-১২-৯৩ইং সহকারী শিক্ষক হিসাবে চান্দিনা থানার কৈলাইন (পঃ) সরকারী প্রাথমিক বিদ্যালয়ে যোগদান করি। ১৯৯৫ইং সনে বাসককস-এর বিজ্ঞপ্তি মোতাবেক টিইও এবং এটিইও পদে আমি দরখাস্ত করেছিলাম। বিজ্ঞপ্তিতে শর্ত ছিল মাস্টার্স এবং স্নাতক উভয়টিতে দ্বিতীয় শ্রেণী থাকতে হবে এবং উল্লেখ ছিল শিক্ষকদের (প্রাঃ বিঃ শিঃ) ক্ষেত্রে বয়স ৪৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বিজ্ঞপ্তি অনুযায়ী আমার দরখাস্ত সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট প্রেরণের জন্য আমি ডিপিইও, কুমিল্লা-এর নিকট প্রেরণ করি। ১৫-১-৯৫ইং ভারপ্রাপ্ত ডিপিইও, কুমিল্লা আমার আবেদনপত্রে যথারীতি সীল ও স্বাক্ষর করেন। কিন্তু ১২-৬-৯৫ইং ডিপিইও, কুমিল্লা আমার চাকরির বয়স দুই বৎসর পূর্ণ হয়নি— এই বলে আমার আবেদনপত্র সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট না পাঠিয়ে আমার নিটক ফেরত পাঠান। অথচ, চাঁদপুর জেলায় চাকরির বয়স দুই বৎসর পূর্ণ না হওয়া সত্ত্বেও অনুরূপ আবেদনপত্র সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হয়েছে। বিজ্ঞপ্তিতে চাকরির বয়স দুই বৎসর পূর্ণ হতে হবে এমন কোন শর্তের উল্লেখ ছিল না। ইতিমধ্যে এটিইও পদের পরীক্ষা হয়েছে এবং অনেকে টিইও পদের জন্য ইন্টারভিউ কার্ডও পেয়েছেন। ৩৫২ এটিইও এবং ১০২ টিইও পদে নিয়োগের পর আমরা যারা এমএ পাস শিক্ষক তাদের পদোন্নতির একটি বড় ধরনের সুযোগ ছিল। কিন্তু ডিপিইও, কুমিল্লার কারণে তার নষ্ট হল।

সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি তাই আবেদন, টিইও এবং এটিইও পদের ৫০% শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক থেকে নিয়োগদান করা হোক। অথবা বর্তমান নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করে নতুন বিজ্ঞপ্তি প্রকাশ করা হোক।

**মোঃ শাহজাহান ভূঁঞা**
সহকারী শিক্ষক
মোহনপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়
চান্দিনা, কুমিল্লা।